গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা আইসিটি কার্যালয়
দোহার, ঢাকা
doict.dohar.dhaka.gov.bd

**আইসিটি বিষয়ক উপজেলা কমিটির মার্চ-২০২৬ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

সভাপতিঃ জনাব মোঃ মাঈদুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার ও
সভাপতি, উপজেলা আইসিটি কমিটি, দোহার, ঢাকা।
সভার স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দোহার, ঢাকা।
সভার তারিখঃ ৩১ মার্চ ২০২৬
সময়ঃ বেলা ১২:৩০ ঘটিকা
**উপস্থিতি পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য**

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতি কর্তৃক সদস্য সচিবকে আইসিটি বিষয়ক উপজেলা কমিটির সভার আলোচ্য বিষয়বস্তু সম্পর্কে আলোচনা শুরু করার জন্য আহবান জানানো হয়। সকল সরকারি দপ্তর ও ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল সমূহ নিয়মিত হালনাগাদকরণ, ডি-নথি কার্যক্রম সংক্রান্ত বিষয়, ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প সংক্রান্ত বিষয়াদি, প্রশিক্ষণ সংক্রান্ত, আইসিটিডি ডিজিটাল ল্যাব ও স্কুল অব ফিউচার ব্যবহার ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত বিষয়াবলী, ওয়েব পোর্টাল ও ডি-নথি প্রশিক্ষণ আয়োজন সংক্রান্ত, সাইবার নিরাপত্তা, উপজেলা সাইবার নিরাপত্তা হেল্প ডেস্ক ও বিভিন্ন আইডি পাসওয়ার্ড সংরক্ষণ সংক্রান্ত এবং সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সচেতনতা বৃদ্ধি, আইসিটির বিস্তার উন্নয়ন এবং প্রয়োজনীয় বিবিধ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সভায় সম্মানিত সদস্যদের সক্রিয় অংশগ্রহণে আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী ব্যক্তি/ কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | সকল সরকারি দপ্তর ও ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল সমূহ নিয়মিত হালনাগাদকরণ সংক্রান্ত | সকল সরকারি দপ্তর ও ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল সমূহ নিয়মিত হালনাগাদকরণ সংক্রান্ত বিষয়ে বিস্তর আলোচনা করা হয়। ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করা প্রত্যেক দপ্তরের নিয়মিত কাজের একটি অংশ। স্ব-স্ব দপ্তরকে তার পোর্টালের আইডি-পাসওয়ার্ড সুরক্ষিত রাখতে হবে। প্রত্যেক দপ্তর ও ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টালের সর্বশেষ হালনাগাদ প্রতিবেদন সভায় পেশ করা হয়। পোর্টালের রিপোর্ট অনুযায়ী, যে সকল দপ্তরের ওয়েব পোর্টাল ১০০% আপডেট নাই, সে সকল দপ্তরের দপ্তর প্রধানগণ তাদের স্ব-স্ব ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং সংশ্লিষ্ট দপ্তরের ওয়েব পোর্টালের পুরাতন তথ্য পরিবর্তন করে আপডেট করতে হবে। বিশেষ করে কর্মকর্তা-কর্মচারীদের সর্বশেষ তথ্য হালনাগাদ করতে হবে।<br><br>প্রত্যেক দপ্তর ও ইউনিয়ন পরিষদ তাদের স্ব-স্ব ওয়েব পোর্টাল সমূহ নিয়মিত হালনাগাদ করবে এবং ওয়েব পোর্টাল ১০০% হালনাগাদ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আইসিটি অফিসার, দোহার, ঢাকা<br><br>সংশ্লিষ্ট সরকারি দপ্তর প্রধান (সকল), দোহার, ঢাকা<br><br>ও<br><br>চেয়ারম্যান/প্রশাসক, প্রশাসনিক কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ (সকল), দোহার, ঢাকা |
| ০২ | উপজেলা সাইবার নিরাপত্তা হেল্প ডেস্ক এবং সাইবার নিরাপত্তা ও সচেতনতা সংক্রান্ত | সাইবার ইন্সিডেন্ট ব্যবস্থাপনা, সাইবার সচেতনতা কর্মসূচী বাস্তবায়ন এবং মাঠ পর্যায়ে সাইবার নিরাপত্তা সংক্রান্ত দক্ষতা উন্নয়ন বিষয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও জাতীয় সাইবার সুরক্ষা এজেন্সি (NCSA) এর মধ্যে গত ০৯ নভেম্বর ২০২৫ তারিখ একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। উক্ত সমঝোতা স্মারক অনুযায়ী উপজেলা আইসিটি কার্যালয়ে সাইবার নিরাপত্তা হেল্পডেস্ক স্থাপন এবং পরিচালনার সুবিধার্থে জাতীয় সাইবার সুরক্ষা এজেন্সি কর্তৃক স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর (SOP) প্রস্তুতপূর্বক প্রেরণ করা হয়েছে। উক্ত SOP অনুযায়ী উপজেলা আইসিটি কার্যালয়, দোহার, ঢাকা-তে স্থাপিত সাইবার নিরাপত্তা হেল্পডেস্ক হতে উপজেলা পর্যায়ে সাইবার সুরক্ষা সহায়তা সংক্রান্ত কার্যক্রম পরিচালিত হবে – এ মর্মে বিস্তারিত আলোচনা করা হয়।<br>এছাড়াও সকলকে সাইবার বুলিং, সাইবার নিরাপত্তা এবং সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সচেতন থাকা এবং অনলাইনে বিভিন্ন অপপ্রচার ও গুজব সংক্রান্ত বিষয়ে সচেতন থাকার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>উপজেলা আইসিটি কার্যালয়, দোহার, ঢাকা-তে স্থাপিত সাইবার নিরাপত্তা হেল্পডেস্ক হতে উপজেলা পর্যায়ে সাইবার সুরক্ষা সহায়তা সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দোহার, ঢাকা<br><br>অফিসার ইনচার্জ, দোহার, ঢাকা<br><br>উপজেলা আইসিটি অফিসার, দোহার, ঢাকা<br><br>ও<br>সংশ্লিষ্ট সকল |
| ০৩ | ডি-নথি সংক্রান্ত | উপজেলা পর্যায়ে যে সকল দপ্তরে ডি-নথি কার্যক্রম লাইভে রয়েছে, তাদের কার্যক্রম সমূহ নিয়মিত ডি-নথি তে করার বিষয়ে আলোচনা করা হয়।<br><br>এ বিষয়ে উপজেলা আইসিটি অফিসার এর নিকট হতে প্রয়োজনীয় কারিগরি সহায়তা ও পরামর্শ গ্রহণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আইসিটি অফিসার দোহার, ঢাকা<br><br>ও সংশ্লিষ্ট সরকারি দপ্তর প্রধান, দোহার, ঢাকা |
| ০৪ | ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প সংক্রান্ত | ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প এবং এর অঙ্গসমূহ সম্পর্কে বিস্তর আলোচনা করা হয়। এই প্রকল্পের আওতায় প্রান্তিক পর্যায়ে ১,০৯,২৪৪টি এন্ড ইউজার কানেক্টিভিটি স্থাপন, ১০,০০০টি তথ্যপ্রযুক্তি ল্যাব স্থাপন, ৫৭টি বিশেষায়িত ল্যাব ও ভবিষ্যৎ শিল্পবিপ্লব কেন্দ্র, ৫৫৫টি উপজেলা সেবা ও তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র, ১০টি গ্রামকে ডিজিটাল ভিলেজ এ রূপান্তর এবং তথ্যপ্রযুক্তি ভবন সহ প্রকল্পের বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়। দোহার উপজেলার আইসিটি কার্যালয়ের 'উপজেলা সেবা ও তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র' নির্মাণ কার্যক্রম অগ্রগতি বিষয়ে আলোচনা করা হয়। | উপজেলা আইসিটি অফিসার, দোহার, ঢাকা<br><br>উপজেলা প্রকৌশলী, দোহার, ঢাকা |

| | | | |
|---|---|---|---|
| | | ১। উক্ত প্রকল্পের আওতায় উপজেলার মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান, কমিউনিটি ক্লিনিক, ভূমি অফিস সহ নির্ধারিত বিভিন্ন অফিসে হাই স্পিড ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদান করা হবে। উক্ত সংযোগ স্থাপন সংক্রান্ত সকল খরচ প্রকল্প থেকে বহন করা হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান উক্ত সংযোগের মাসিক ফি বহন করবে। উক্ত ইন্টারনেট সংযোগ প্রদানের জন্য দোহার উপজেলার কাজ পেয়েছিলো **Optimax Communication Limited (ISP)**। উক্ত প্রতিষ্ঠান দোহার উপজেলায় কোন কার্যক্রম শুরু করেনি।<br>২। উক্ত প্রকল্পের আওতায় উপজেলা আইসিটি কার্যালয়ের জন্য "উপজেলা সেবা ও তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র" নির্মাণ করা হবে। এটি পরিষদের নতুন ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণের মাধ্যমে ৫ম তলায় নির্মাণ করা হবে। উপজেলা প্রকৌশলী সভায় জানান, বর্তমানে উক্ত "উপজেলা সেবা ও তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র" নির্মাণ কাজ সাময়িকীভাবে বন্ধ রয়েছে।<br>উপজেলা পর্যায়ে উপজেলা আইসিটি কার্যালয়ের জন্য "উপজেলা সেবা ও তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র" স্থাপনের কার্যক্রম নিয়মিত মনিটর করা এবং ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রয়োজনীয় সহযোগিতা করবে এবং ইন্টারনেট সংযোগ প্রদান কার্যক্রম নিয়মিত মনিটর করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দোহার, ঢাকা<br>উপজেলা শিক্ষা অফিসার, দোহার, ঢাকা<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দোহার, ঢাকা<br>চেয়ারম্যান/প্রশাসক, প্রশাসনিক কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ (সকল), দোহার, ঢাকা<br>ও<br>সংশ্লিষ্ট সকল |
| ০৫ | আইসিটিডি ডিজিটাল ল্যাব ও স্কুল অব ফিউচার ব্যবহার ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত | উপজেলা আইসিটি অফিসার কর্তৃক বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত আইসিটিডি স্কুল অব ফিউচার ও আইসিটিডি ডিজিটাল ল্যাব সমূহ নিয়মিত পরিদর্শন করা হয়। দোহার উপজেলায় ২০টি আইসিটিডি ডিজিটাল ল্যাব এবং ০১টি আইসিটিডি স্কুল অব ফিউচার আছে। ল্যাবসমূহের যথাযথ ব্যবহার হচ্ছে না বলে প্রতীয়মান হয় এবং ল্যাবের বিভিন্ন মালামাল অচল পাওয়া গিয়েছে। পরিদর্শনকালে প্রয়োজনীয় সুপারিশ এবং দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। যেসকল ল্যাবের কম্পিউটার ও অন্যান্য সরঞ্জাম অচল রয়েছে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে সেগুলো দ্রুত মেরামত বা প্রতিস্থাপন করতে হবে।<br>০৩/১০/২০২৫ হতে ০৪/১০/২০২৫ তারিখ এর মধ্যবর্তী কোন এক সময়ে ফ্যামস ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজ এ স্থাপিত আইসিটিডি ডিজিটাল ল্যাবে অজ্ঞাতনামা চোর/চোরেরা ভাঙচুর ও চুরি সাধন করেছে। উক্ত প্রতিষ্ঠান প্রধান উপজেলা আইসিটি অফিসারকে বিষয়টি অবগত করেছেন। পরবর্তীকালে উপজেলা আইসিটি অফিসার উক্ত প্রতিষ্ঠানের ল্যাবটি সরেজমিনে পরিদর্শন করেন। ল্যাব হতে ০৩টি ল্যাপটপ (ব্যাগ ও চার্জার সহ) চুরি হয়েছে, ০৪টি ল্যাপটপ ও স্মার্ট টিভি ভাঙচুর করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠান প্রধান এ বিষয়ে শাইনপুকুর পুলিশ ফাঁড়ি ও দোহার থানায় যথাক্রমে ০৫/১০/২০২৫ ও ০৬/২০২৫ তারিখ অভিযোগ দাখিল করেন। বর্তমানে উক্ত চুরি ও ভাংচুরের বিষয়টির তদন্ত কার্যক্রম চলমান রয়েছে।<br>ল্যাব সমূহ নিয়মিত পরিদর্শন এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান তাদের ল্যাবের সঠিক ব্যবহার নিশ্চিতকরণ, রক্ষণাবেক্ষণ এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব উদ্যোগে উক্ত ল্যাব সমূহে শিক্ষক ও শিক্ষার্থীদের প্রয়োজনীয় আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করবেন এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও প্রতিটি ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠান তাদের যথাযথ নিরাপত্তা ব্যবস্থা জোরদার করবে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আইসিটি অফিসার, দোহার, ঢাকা<br>ও<br>সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, দোহার, ঢাকা |
| ০৬ | ওয়েব পোর্টাল ও ডি-নথি প্রশিক্ষণ আয়োজন সংক্রান্ত | উপজেলার বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের ওয়েব পোর্টাল ও ডি-নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। উপজেলা পরিষদের অর্থায়নে মানব সম্পদ উন্নয়নের অংশ হিসেবে উক্ত বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের জন্য সভায় প্রস্তাব পেশ করা হয়।<br>উপজেলা পরিষদের এর উদ্যোগে এবং উপজেলা আইসিটি কার্যালয়ের সহযোগিতায় উক্ত প্রশিক্ষণ প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দোহার, ঢাকা<br>উপজেলা আইসিটি অফিসার, দোহার, ঢাকা<br>ও সংশ্লিষ্ট সকল |
| ০৭ | বিবিধ | ওয়েব পোর্টাল, আইবাস, ইমেইল, এমআইএস, সামাজিক যোগাযোগ প্লাটফর্ম সহ সকল অনলাইন প্লাটফর্মের আইডি-পাসওয়ার্ড ও ওটিপি সংরক্ষণ করা, সুরক্ষিত রাখা, শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহার করা, নিয়মিত পাসওয়ার্ড পরিবর্তন করা এবং নিজ নিজ আইডি-পাসওয়ার্ড ও ওটিপি কারো সাথে শেয়ার না করা, টু-ফ্যাক্টর অথেনটিকেশন চালু রাখা সহ সাইবার নিরাপত্তা সংক্রান্ত সচেতনার বিষয়ে প্রয়োজনীয় আলোচনা ও দিকনির্দেশনা প্রদান করা হয়।<br>সাইবার নিরাপত্তা ও সামাজিক যোগাযোগ মাধ্যম সহ সকল অনলাইন মাধ্যম ব্যবহারে সচেতনতা বৃদ্ধির বিষয়ে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ, সভা সেমিনার আয়োজন এবং বিশেষ করে শিক্ষক, অভিভাবক ও শিক্ষার্থীদের উক্ত বিষয়ে সচেতন করার বিষয়ে বিভিন্ন পদক্ষেপ গ্রহণের বিষয়ে আলোচনা এবং এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত সাইবার সচেতনতামূলক সভা/সেমিনার আয়োজন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আইসিটি অফিসার, দোহার, ঢাকা<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দোহার, ঢাকা<br>উপজেলা শিক্ষা অফিসার, দোহার, ঢাকা<br>ও<br>সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, দোহার, ঢাকা |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/০৬/২০২৫

( মোঃ মাঈদুল ইসলাম )
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
দোহার, ঢাকা
মোবাইলঃ ০১৯৩৩৪৪৪০৩৮

স্মারক নম্বরঃ ৫৬.০৪.২৬১৮.০০০.০৬.০০১.২৪.২০

তারিখঃ ১৭ চৈত্র ১৪৩২
৩১ মার্চ ২০২৬

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)

১. জনাব খোন্দকার আবু আশফাক, মাননীয় সংসদ সদস্য, ১৭৪ ঢাকা- ১ (দোহার-নবাবগঞ্জ)।
২. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৩. জেলা প্রশাসক, ঢাকা।
৪. পরিচালক (অর্থ ও প্রশাসন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৫. জেলা আইসিটি অফিসার, জেলা আইসিটি কার্যালয়, ঢাকা।
৬. সহকারী কমিশনার (ভূমি), দোহার, ঢাকা।
৭. অধ্যক্ষ, সরকারি পদ্মা কলেজ, দোহার, ঢাকা।
৮. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দোহার, ঢাকা।
৯. উপজেলা কৃষি অফিসার, দোহার, ঢাকা।
১০. উপজেলা মৎস্য অফিসার, দোহার, ঢাকা।
১১. অফিসার ইন-চার্জ, দোহার, ঢাকা।
১২. উপজেলা প্রকৌশলী, দোহার, ঢাকা।
১৩. উপজেলা সমাজসেবা অফিসার, দোহার, ঢাকা।
১৪. উপজেলা শিক্ষা অফিসার, দোহার, ঢাকা।
১৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দোহার, ঢাকা।
১৬. ডিজিএম, পল্লী বিদ্যুৎ অফিস, দোহার, ঢাকা।
১৭. অধ্যক্ষ, জয়পাড়া কলেজ, দোহার, ঢাকা।
১৮. প্রধান শিক্ষক, জয়পাড়া পাইলট সরকারি উচ্চ বিদ্যালয়, দোহার, ঢাকা।
১৯. প্রধান শিক্ষক, বেগম আয়েশা পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, দোহার, ঢাকা।
২০. পোস্ট মাস্টার, পোস্ট অফিস, দোহার, ঢাকা।
২১. ইনচার্জ, জয়পাড়া টেলিযোগাযোগ অফিস, দোহার, ঢাকা।
২২. তথ্য সেবা অফিসার, তথ্য আপা প্রকল্প, তথ্য কেন্দ্র, দোহার, ঢাকা।
২৩. প্রশাসক/চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ (সকল), দোহার, ঢাকা।
২৪. উদ্যোক্তা (সকল), সকল ইউনিয়ন ও পৌর ডিজিটাল সেন্টার, দোহার, ঢাকা।
২৫. ......................................................................., দোহার, ঢাকা।
২৬. অফিস কপি।

31/03/2026

( মোঃ মহসিন )
উপজেলা আইসিটি অফিসার
উপজেলা আইসিটি কার্যালয়
ও
সদস্য-সচিব
উপজেলা আইসিটি কমিটি
দোহার, ঢাকা
মোবাইলঃ ০১৭১৭০৩৪৮৭২
ইমেইলঃ mohsin.doict@gmail.com